

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০২.৩২.১৪৪.১৩-৬৮২

তারিখঃ ২৬ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২৮ আগষ্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি বেগম শাকিলা আক্তার (০৬২৮), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী প্রধান), পরিকল্পনা বিভাগ ২৬.০১.২০১৭ খ্রিঃ তারিখ থেকে ছুটি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত আছেন;

০২। যেহেতু আপনার ছুটির আবেদন না মঞ্জুর করে আপনাকে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদানের জন্য ০২/০৩/২০১৭ তারিখের ২০.০০.০০০০.৩০২.৩২.১৪৪.১০-৯০ স্মারকমূলে নির্দেশ প্রদান করা হয়। কিন্তু আপনি কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে কর্মস্থলে যোগদান করেননি;

০৩। যেহেতু সরকারী নির্দেশ অনুযায়ী কর্মস্থলে যোগদান না করায় এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মে অনুপস্থিত থাকায় আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) মোতাবেক অভিযোগ গঠনপূর্বক ২৯/০৩/২০১৭ তারিখের ২০.০০.০০০০.৩০২.৩২.১৪৪.১৩-১২৪ স্মারকমূলে প্রথম কারণ দর্শানোর নোটিশ ইস্যু করা হয়;

০৪। যেহেতু আপনি সরকারী নির্দেশ অমান্য করে ২ মাস ৭ দিন বিলম্বে ০৯/০৫/২০১৭ তারিখে কর্মে যোগদানপূর্বক প্রথম কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেছেন যা কর্তৃপক্ষের নিকট উক্ত জবাব সন্তোষজনক বলে বিবেচিত হয়নি; এবং

০৫। যেহেতু আপনি পুনরায় ১৮/০৬/২০১৭ খ্রিঃ তারিখ থেকে ছুটি ব্যতীত অননুমোদিতভাবে কর্মে অনুপস্থিত রয়েছেন।

০৬। সেহেতু, আপনি, বেগম শাকিলা আক্তার (০৬২৮), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী প্রধান), পরিকল্পনা বিভাগকে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ধারা ৫(২) অনুযায়ী অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার তারিখ অর্থাৎ ২৬/০১/২০১৭ তারিখ থেকে চাকরি হতে কেন বরখাস্ত (Dismissal from Service) করা হবে না, অত্র নোটিশ জারির ০৩ (তিন) দিনের মধ্যে তার কারণ নিম্নস্বাক্ষরকারীর বরাবর দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে আপনার জবাব পাওয়া না গেলে আপনার সাথে আর কোন প্রকার যোগাযোগ ছাড়াই আপনার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ
ডায়েরী নং: ১৫৫ তারিখ: ২৬/৮/১৭
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা

(মোঃ জিয়াউল ইসলাম)
সচিব

বেগম শাকিলা আক্তার (০৬২৮)
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী প্রধান)
পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
E-mail: akter_shakila@yahoo.com
(বর্তমানে ডেনমার্কের কোপেনহেগেনে অবস্থানরত)

স্থায়ী ঠিকানাঃ

পিতা- হাবিবুর রহমান

মাতা-সেলিনা রহমান

গ্রামঃ চাতলগাঁও, পোঃ-কুলাউড়া,

উপজেলা- মৌলভীবাজার, জেলা-মৌলভীবাজার।

অনুলিপিঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ব্লক-১৩, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।

০৩। জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, নির্বাহী পরিচালক, পলল গুপ, ৩০/১, সিদ্ধেশ্বরী লেন, রমনা, ঢাকা।